

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর  
সিবিএইচসি কার্যালয়  
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।  
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/কঃ ক্লি/সিএইচসিপি/তদন্ত-১০/২০১৬/

তারিখঃ / / ২০১৭ ইং

আদেশ

যেহেতু, আপনি জনাব আদুমং মার্মা, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলার বাইশারী ইউনিয়নের তিতার পাড়া কমিউনিটি ক্লিনিকে শাস্তিমূলক বদলীকৃত ভাবে কর্মরত থেকে দায়িত্বে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে সিবিএইচসি কার্যালয়ের স্মারক নং- ১৫৮ তারিখঃ- ০৯/০২/২০১৭ ইং এবং স্মারক নং- ২১৭ তারিখঃ- ০৬/০৩/২০১৭ ইং মোতাবেক কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় এবং বেতন ভাতা বন্ধ রাখা হয়।

যেহেতু, সিএইচসিপি, জনাব আদুমং মার্মা কারণ দর্শানোর নোটিশের জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিবিএইচসি কার্যালয়ে প্রেরণ করেছেন। কারণ দর্শানোর নোটিশের জবাবে উল্লেখ করেন যে, “কর্মস্থলে অনুপস্থিতি ও গাফিলতি তার অনিচ্ছাকৃত ভুল হয়েছে। চাকুরীর নিয়ম কানুন সম্পর্কে তিনি অনভিজ্ঞ ও ধারণা নেই, যার কারণে তার ভুল হয়েছে। তিনি চাকুরীবিধি নিয়মকানুন ও শৃঙ্খলা মেনে চলবেন। ভবিষ্যতে এ ধরনের অনুপস্থিতি ও গাফিলতি করবেন না মর্মে অঙ্গীকার করেন এবং অনিচ্ছাকৃত ভুলের জন্য মহোদয়ের নিকট ক্ষমা প্রার্থনা করেন।” এফসনে, সেহেতু সিএইচসিপি, জনাব আদুমং মার্মা এর দাখিলকৃত জবাব ও কাগজপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হলোঃ

১. বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলার বাইশারী ইউনিয়নের তিতার পাড়া কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপি, জনাব আদুমং মার্মা-কে তার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে মানবিক দিক বিবেচনা করে অব্যাহতি প্রদান করা হলো।
২. সিএইচসিপি, জনাব আদুমং মার্মা-কে নিয়মিত দায়িত্ব প্রাপ্ত কমিউনিটি ক্লিনিকে নিয়মিত সেবা প্রদান এবং ভবিষ্যতে সরকারী কর্মচারী শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থি কার্যক্রম না করার জন্য প্রথমবারের মতো সতর্ক করা হলো।

স্বাক্ষর

(ডাঃ মোঃ আবুল হাসেম খান)

লাইন ডাইরেক্টর

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর

ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/কঃ ক্লি/সিএইচসিপি/তদন্ত-১০/২০১৬/ ৪৫৬/১০৩

তারিখঃ ২০/০৪/২০১৭ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, বান্দরবান।
৪. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান (আদেশটি সার্ভিস বুকে লিপিবদ্ধ করার অনুরোধ সহ)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান।
৮. জনাব আদুমং মার্মা, সিএইচসিপি, তিতার পাড়া কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন- বাইশারী, উপজেলা- নাইক্ষ্যংছড়ি, জেলা- বান্দরবান।
৯. অফিস কপি।

স্বাক্ষর

(ডাঃ পুষ্পীশ কুমার দত্ত)

ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।